

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭.৫৩

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৮

০২ মার্চ ২০২২

বিষয়: বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদানের বিষয়ে পরিদর্শন প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষা প্রতিষ্ঠানে একাডেমিক স্বীকৃতি প্রদানের বিষয়ে আবেদনপত্র পাওয়া গেছে:

ক্র: নং	প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা	প্রার্থিত বিষয়
১.	শ্রীনগর পাইলট স্কুল এন্ড কলেজ, শ্রীনগর, মুন্সীগঞ্জ	উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
২.	গিয়াস উদ্দিন চৌধুরী মডার্ন একাডেমি, বন্দর, নারায়ণগঞ্জ	মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৩.	লোহাকুচি স্কুল এন্ড কলেজ, কালীগঞ্জ, লালমনিরহাট	উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৪.	লালন্দা ইন্টারন্যাশনাল স্কুল, সদর, রংপুর	নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি
৫.	আল-ইহুসান উচ্চ বিদ্যালয়, সদর, গাজীপুর	নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি

০২। এমতাবস্থায়, উপর্যুক্ত শিক্ষা প্রতিষ্ঠানসমূহে নিম্ন মাধ্যমিক/মাধ্যমিক/উচ্চ মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতির অনুমতি প্রদানের লক্ষ্যে সরেজমিনে পরিদর্শন করে সংযুক্ত ছক মোতাবেক নিম্নোক্ত তথ্যাদি সন্নিবেশ করে মতামতসহ প্রতিবেদন প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:


(১) প্রতিষ্ঠানের নিজস্ব ভূমির নামজারি, হালনাগাদ খাজনা পরিশোধের কপি এবং খারিজ খতিয়ানের কপি (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);

(২) ব্যক্তিনামে প্রতিষ্ঠানের নামকরণ হলে ব্যক্তির পরিচয় প্রতিবেদনে সন্নিবেশ করতে হবে এবং মন্ত্রণালয়ের ১০/০৪/২০০১ তারিখের প্রজ্ঞাপনের আলোকে ব্যক্তি নামে নামকরণের জন্য স্তর ভিত্তিক নির্ধারিত টাকা যৌথনামে [(১) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ ম্যানেজিং কমিটি/ গভর্নিং বডি/ সভাপতি (২) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমাদানের প্রমাণক-সংশ্লিষ্ট ব্যাংকের প্রত্যয়নপত্র (প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে);

(৩) নিম্নমাধ্যমিক পর্যায়ের একাডেমিক স্বীকৃতির জন্য ৩ বছরের জেএসসি পরীক্ষার, মাধ্যমিক পর্যায়ের একাডেমিক স্বীকৃতির জন্য ৩ বছরের এসএসসি পরীক্ষার এবং উচ্চ মাধ্যমিক পর্যায়ের একাডেমিক স্বীকৃতির জন্য ৩ বছরের এইচএসসি পরীক্ষার ফলাফল (বছরভিত্তিক ও বিভাগওয়ারি শিক্ষার্থীর সংখ্যা, পরীক্ষার্থীর সংখ্যা, পাসের সংখ্যা ও পাসের হার উল্লেখসহ); ও

(৪) প্রতিষ্ঠানের EIIN ও ইমেইল ঠিকানা।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।



২-৩-২০২২

আনোয়ারুল হক

উপসচিব

বিতরণ :

ফোন: ৯৫৪৫৭২০

১) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ
মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

ইমেইল: ds_sec2@moedu.gov.bd

২) চেয়ারম্যান, চেয়ারম্যানের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ
মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭২.৩৪.০০১.১৭.৫৩/১

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৮
০২ মার্চ ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) অধ্যক্ষ/প্রধান শিক্ষক,
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

২-৩-২০২২

আনোয়ারুল হক
উপসচিব